

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
মধ্যপ্রাচ্য-২ শাখা  
শেরে বাংলা নগর, ঢাকা  
[www.erd.gov.bd](http://www.erd.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইসলামিক উন্নয়ন ব্যাংক (আইএসডিবি) এর কার্যনির্বাহী পরিচালক নির্বাচিত হয়েছে এবং একইসাথে আইটিএফসির (আন্তর্জাতিক ইসলামী ট্রেড ফাইন্যান্স কর্পোরেশন) "Largest Financing Partner" পুরস্কারের সম্মান লাভ করেছে।

২০২৩ সালের ইসলামি উন্নয়ন ব্যাংকের বার্ষিক সভা সৌদি আরবের জেদ্দায় অনুষ্ঠিত হয়, যেখানে বাংলাদেশ ইসলামি উন্নয়ন ব্যাংকের কার্যনির্বাহী পরিচালকদের একজন হিসেবে নির্বাচিত হয়েছে। এই পদে বাংলাদেশ ২০২৪ সাল থেকে তিন বছরের জন্য থাকবে। এই কনস্টিটুয়েন্সিতে অন্য সদস্যদের মধ্যে আফগানিস্তান, পাকিস্তান এবং মালদ্বীপ রয়েছে। পাকিস্তান এই কনস্টিটুয়েন্সিতে ২০২০ থেকে সাল কার্যনির্বাহী পরিচালকদের একজন হিসেবে দায়িত্ব পালন করছিল এবং তারা পরবর্তি মেয়াদেও দায়িত্ব পালন করতে চায় মর্মে প্রস্তাব করেছিল।

বাংলাদেশ প্রতিনিধি দলনেতা অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিজ শরিফা খান উক্ত প্রস্তাবের বিরোধিতা করে এ সংক্রান্ত বিধির ৩১ (৩) উদ্ধৃত করে বলেন যে, একটি নির্বাচিত সদস্য দেশ তিন বছরের জন্য সেবা প্রদান করবে এবং তারপর আরবি বর্ণমালার ক্রমানুসারে অন্য দেশকে সুযোগ প্রদান করতে হবে। সার্বিক আলোচনার পর অবশেষে বাংলাদেশকে আইএসডিবি বোর্ডের কার্যনির্বাহী নির্বাচিত করা হয়েছে। বাংলাদেশ প্রতিনিধিদলে রিয়াদস্থ বাংলাদেশ মিশন এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের পাঁচজন জ্যেষ্ঠ কর্মকর্তা অন্তর্ভুক্ত ছিলেন।

এই বছরের সভার প্রতিপাদ্য বিষয় ছিল "Partnerships to Fend off Crises"। বাংলাদেশ প্রতিনিধি দল- নমনীয় ঋণ, প্রযুক্তিগত সহায়তা এবং দক্ষতা বিকাশের মাধ্যমে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা উন্নয়ন করে আইএসডিবি তার সদস্য দেশগুলির এই সময়কালীন ভৌগোলিক-রাজনৈতিক সঙ্কটের সমাধান করতে পারে মর্মে মতামত ব্যক্ত করে।

এ সময়ে বাংলাদেশ প্রতিনিধিদল বার্ষিক সভার বিভিন্ন সেশনে উপস্থিত হয় এবং আইএসডিবি এবং অন্যান্য সদস্যদেশের উচ্চ পর্যায়ে বেশ কিছু সভা করে। তন্মধ্যে অন্যতম হচ্ছে- H.E. Dr. Muhammad Sulaiman Al Jasser, President of IsDB, and H.E. Dr. Ghassan Al-Baba, General Secretary of IsDB Group, CEO, ITFC & Acting CEO, ICD, Her Excellency Mariyam Manarath Muneer, Deputy Minister Ministry of Finance, Republic of Maldives ।

এছাড়াও, বার্ষিক সভার সময় আইএসডিবি গ্রুপের অংগসংগঠন আন্তর্জাতিক ইসলামী ট্রেড ফাইন্যান্স কর্পোরেশন (আইটিএফসি) এর পক্ষ থেকে বাংলাদেশকে "Largest Financing Partner" পুরস্কার দেওয়া হয়েছে। আইটিএফসির নিকট থেকে নিয়মিত ঋণ গ্রহণ এবং সময়মতো ঋণ পরিশোধের স্বীকৃতি হিসেবে এই পুরস্কার প্রদান করা হয়। এছাড়া আইএসডিবি বোর্ড আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িতব্য **Rural and Peri-Urban Housing Finance project** শীর্ষক প্রকল্পের জন্য ২৭০ মিলিয়ন ইউরো ঋণ অনুমোদন করেছে।

সেলিনা কাজী  
উপসচিব  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ